# প্রকল্পসমূহের তালিকা ও পরিচিতি

**চলমান প্রকল্পের তালিকা:**

১। বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ
২। বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল
৩। বিসিক মুদ্রণ শিল্পনগরী স্থাপন
৪। বিসিক প্লাস্টিক শিল্পনগরী, মুন্সিগঞ্জ
৫। বিসিকের ৮ টি শিল্পনগরী মেরামত ও পুনঃনির্মাণ
৬। বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও

১। **বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ (২য় সংশোধিত)** প্রকল্পটি ঢাকা বিভাগের মুন্সিগঞ্জ জেলায় সিরাজদিখান উপজেলায় প্রতিস্থিত হয়। বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত। চলতি অর্থবছরের আগস্ট ২০২৪ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৬১.৩৮% ও ভৌত অগ্রগতি ৬৫%। প্রকল্পের পূর্তকাজসমূহের (ভূমি উন্নয়ন ও বাউন্ডারি ওয়াল, রাস্তা, ড্রেন, অনাবাসিক ভবন নির্মাণ, পাম্প কোয়ার্টার, পুলিশ ফাঁড়ি ভবন নির্মাণ, নদীর পাড় রক্ষা, ডাম্পিং ইয়ার্ড ও ইনসিনিরেটর নির্মাণ, নলকূপ স্থাপন, পানি সরবরাহ লাইন, জেটি নির্মাণ) বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটি ডিসেম্বর ২০২৫ এ সমাপ্তির জন্য নির্ধারিত।

<u>প্রকল্পের মূল উদ্দেশ্য:</u>

ঢাকা মহানগরীর বিশেষ করে পুরাতন ঢাকার কেমিক্যাল কারখানা ও গোডাউনসমূহ একটি পরিবেশ বান্ধব এবং অপেক্ষাকৃত কম জনবহুল স্থানে স্থানান্তর/স্থাপনের লক্ষ্যে সকল প্রকার অবকাঠামোগত সুযোগ সুবিধা সম্বলিত একটি কেমিক্যাল পল্লি গড়ে তোলা।

<u>প্রকল্পের লক্ষ্যমাত্রা:</u>

- ৩০৮.৩৩ একর জমি অধিগ্রহণ;
- ১৮৪৩ টি শিল্প প্লট তৈরি;
- জিডিপিতে অবদান বৃদ্ধি এবং
- ১,০০,০০০ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ।

২। **বিসিক শিল্প পার্ক, টাঙ্গাইল (২য় সংশোধিত)** প্রকল্পটি টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলায় বিসিক শিল্পপার্ক ৪৯.৩৫ একর জমিতে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১৫ হতে জুন ২০২৫ পর্যন্ত। চলতি অর্থবছরের আগস্ট ২০২৪ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭৬% ও ভৌত অগ্রগতি ৭৬.৫২%।

<u>প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী:</u>

- শিল্পোদ্যোক্তাদের উন্নত শিল্প প্লটের ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে ৪৯.৩৫ একর আয়তনের শিল্পপার্ক স্থাপন করা;
- অধিগ্রহণকৃত জমিতে মাটি ভরাট, রাস্তা, ড্রেন, বিদ্যুৎ, সীমানা প্রাচীর ও গ্যাস ইত্যাদি অবকাঠামোগত সুবিধাসহ শিল্প প্লট স্থাপন।
- শিল্প নগরীতে শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে দরিদ্রতা নিরসন;
- শিল্পায়নের মাধ্যমে জিডিপিতে শিল্পখাতের অবদান বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি।

<u>প্রকল্পের লক্ষ্যমাত্রা:</u>

কমবেশি ২৭১ টি শিল্প প্লট ও ২৫,০০০ জন লোকের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দরিদ্রতা নিরসন এবং জিডিপিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা।

**৩। বিসিক মুদ্রণ শিল্পনগরী স্থাপন (২য় সংশোধিত)** প্রকল্পটি ঢাকা বিভাগে মুন্সিগঞ্জ জেলায় সিরাজদিখান উপজেলায় প্রতিষ্ঠিত হয়। প্রকল্পটি ৪৪৮কোটি ১৮ লক্ষ টাকায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নকাল জানুয়ারি ২০১৬ - ডিসেম্বর ২০২৭। প্রকল্পের লক্ষ্যমাত্রা ১০০ একর জমি অধিগ্রহণ ও উন্নয়ন এর মাধ্যমে ৩৫৭টি শিল্প প্লট তৈরি করে কমবেশি ৩৫৭টি এসএমই শিল্প ইউনিট স্থাপন। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৭%।

প্রকল্পের মূল উদ্দেশ্য:

ঢাকা ও অন্যান্য শহরে অপরিকল্পিতভাবে গড়ে উঠা মুদ্রণ শিল্প কারখানাসমূহ একটি সুবিধাজনক পরিবেশবান্ধব স্থানে স্থানান্তরসহ শিল্প স্থাপনে যাবতীয় সহযোগিতা প্রদান।

প্রকল্পের লক্ষ্যমাত্রা:

- বেসরকারী শিল্পোদ্যোক্তাদেরকে ৩৫৭ টি (কম/বেশী) মুদ্রণ শিল্প কারখানা স্থাপনে অবকাঠামোগত সুবিধা প্রদান।
- গুনগত মানসম্পন্ন মুদ্রণ সামগ্রী উৎপাদনে সহায়তা প্রদান এবং
- কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, অর্থনৈতিক উন্নয়নকে গতিশীল করা, জিডিপিতে অবদান বৃদ্ধি করা।

**৪। বিসিক প্লাস্টিক শিল্পনগরী, মুন্সিগঞ্জ (৩য় সংশোধিত)** প্রকল্পটি মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত। প্রকল্পের লক্ষ্যমাত্রা ৯৫.২৪ একর জমি অধিগ্রহণ ও উন্নয়ন এর মাধ্যমে ৩৯১টি শিল্প প্লট তৈরি। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৩.১৯%।

প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী:

- পুরান ঢাকায় অপরিকল্পিতভাবে গড়ে উঠা প্লাস্টিক শিল্প কারখানাসমূহ একটি সুবিধাজনক পরিবেশবান্ধব স্থানে স্থানান্তরকরণ।
- গুণগত মানসম্পন্ন প্লাস্টিক সামগ্রী উৎপাদনে সহায়তা প্রদান।
- কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন, অর্থনৈতিক উন্নয়নকে গতিশীল করা,
- জিডিপিতে অবদান বৃদ্ধি করা।

প্রকল্পের লক্ষ্যমাত্রা:

- ৩৯১ টি শিল্প প্লট তৈরি।
- জি.ডি.পি. তে অবদান বৃদ্ধি এবং
- ৫০,০০০ জন লোকের করমসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ।

**৫। বিসিকের ৮টি শিল্পনগরী মেরামত ও পুনর্নির্মাণ (২য় সংশোধিত)** প্রকল্পটির বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত। চলতি অর্থবছরের আগস্ট ২০২৪ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৫২.০৬% ও ভৌত অগ্রগতি ৬১.২২%।

প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী:

- বিদ্যমান পুরাতন ৮টি শিল্পনগরীর বর্তমান অবকাঠামো যথা: পাম্প ড্রাইভার কোয়ার্টার ও সীমানা প্রাচীর মেরামত; শিল্পনগরীর রাস্তা, ড্রেন, গেইট ও অফিস ভবন পুনর্নির্মাণ;
- শিল্পনগরীতে স্থাপিত শিল্প কারখানার উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ।

প্রকল্পের লক্ষ্যমাত্রা:

ময়মনসিংহ, জামালপুর, নরসিংদী, কুমিল্লা, কক্সবাজার, সিলেট (খাদিমনগর), বগুড়া ও সাতক্ষীরা শিল্প নগরীসমূহে রাস্তা নির্মাণ., ড্রেন নির্মাণ, সীমানা প্রাচীর মেরামত, পাম্প ড্রাইভার কোয়ার্টার মেরামত। এছাড়া কক্সবাজার, বগুড়া, কুমিল্লা ও সিলেট শিল্পনগরীর অফিস ভবন পুনর্নির্মাণ, সাতক্ষীরা জেলা কার্যালয় ভবন পুনর্নির্মাণ, সিলেটে ১টি রেস্ট হাউজ পুনর্নির্মাণ এবং শিল্পনগরীর ৭টি গেইট পুনর্নির্মাণ

৬। **বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও** প্রকল্পটি ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার আকচা এলাকায় বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও প্রকল্পটি  বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০২১ হতে জুন ২০২৬ পর্যন্ত। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৮.৪৯%।

প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী:

- সবজি, ফল, ফসল ইত্যাদি কৃষিপণ্য ও দুগ্ধ জাত পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প উদ্যোক্তাদের জন্য পরিবেশবান্ধব শিল্প কমপ্ল্যায়ান্স সমৃদ্ধ আধুনিক ইন্ডাস্ট্রিয়াল পার্ক স্থাপনের মাধ্যমে শিল্প প্লটের ব্যবস্থা করা;
- ঠাকুরগাঁও এবং এর আশেপাশের অঞ্চলসহ অপরিকল্পিতভাবে প্রতিষ্ঠিত খাদ্য প্রক্রিয়াকরণ ইন্ডাস্ট্রিসমূহকে স্থানান্তরের জন্য পরিবেশ বান্ধব, শিল্প কমপ্ল্যায়ান্স সমৃদ্ধ আধুনিক শিল্প প্লটের ব্যবস্থা করা;
- শিল্পায়নকে ত্বরান্বিত করা এবং কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধির মাধ্যমে সমৃদ্ধ দেশ বিনির্মাণ।

প্রকল্পের লক্ষ্যমাত্রা:

- ৫০.০০ একর ভূমি অধিগ্রহণপূর্বক একটি নির্দিষ্ট স্থানে পরিবেশবান্ধব শিল্প কমপ্ল্যায়ান্স সমৃদ্ধ আধুনিক ইন্ডাস্ট্রিয়াল পার্ক স্থাপনের মাধ্যমে ২৫১টি শিল্প প্লট তৈরি করে প্রায় ২৩০ টি শিল্পও ইউনিট স্থাপনের ব্যবস্থাকরণ;
- ২৫,০০০ লোকের কর্মসংস্থানের সৃষ্টি;
- নারীর ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে ১০শতাংশ হিসেবে ২৫টি শিল্প প্লট সম্ভাবনাময় নার উদ্যোক্তাদের জন্য বরাদ্দ রাখা।